# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ৩. ৩. পুনরুত্থানের পর বার প্রেরিতকে দেখা দেওয়া

যীশুর কবর থেকে পুনরুত্থিত হয়ে শিষ্যদেরকে দেখা দেওয়ার বিষয়ে পল লেখেছেন: ‘‘আর তিনি কৈফাকে, পরে সেই বারোজনকে দেখা দিলেন (And that he was seen of Cephas, then of the twelve)।’’ (১ করিন্থীয় ১৫/৫)

‘সেই বারোজনকে দেখা দিলেন’ কথাটা ভুল। কারণ এর আগেই ‘সেই বারো জনের একজন’ ঈষ্করিয়োতীয় যিহূদা/ এহুদা মৃত্যু বরণ করেছিল। (লূক ২২/৩ ও মথি ২৭/১-১০)। কাজেই পুনরুত্থানের সময় যীশুর ১১ জন শিষ্য অবশিষ্ট ছিলেন। আর এজন্যই এ প্রসঙ্গে মথি, মার্ক ও লুক সকলেই ‘সেই এগারো জন’-এর কথা লেখেছেন (মথি ২৮/১৬-১৭; মার্ক ১৬/১৪; লূক ২৪/৯)

আমরা ইতোপূর্বে বলেছি যে, এ ভুল গোপন করার জন্য বাংলা বাইবেলের বিভিন্ন সংস্করণে পরিবর্তন করা হয়েছে। বাংলা বাইবেলে ২০০০-এর অনুবাদ: ‘‘আর তিনি পিতরকে এবং পরে তাঁর প্রেরিতদের দেখা দিয়েছিলেন।’’ কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: ‘‘আর তিনি পিতরকে ও পরে তাঁর সাহাবীদের দেখা দিলেন।’’

Source — https://www.hadithbd.com/books/link/?id=14199

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন